

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্সিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইক্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

তারিখ :- ০৭-০৬-২০১৮ খ্রিঃ।

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৮.০৩৬.১৮- ১৯৩

বিষয় :- মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলার আদেশের আলোকে জয়পুরহাট জেলার সদর উপজেলাধীন কড়ই নূরুল হুদা কামিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত প্রভাষক জনাব মোঃ আব্দুল মতিনকে পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) প্রদান প্রসঙ্গে।

- সূত্র :-
- (১) সাময়িক বরখাস্তকৃত প্রভাষক জনাব মোঃ আব্দুল মতিন এর ০৩-০৬-২০১৮ খ্রিঃ তারিখের আবেদন।
 - (২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০০০.০০৮.০০১.১৭-৮৬, তারিখ: ১২.১১.১৭ খ্রিঃ।
 - (৩) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৮.০৮.০০১.১৭.৪, তারিখ: ২৬.০৯.১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, জয়পুরহাট জেলার সদর উপজেলাধীন কড়ই নূরুল হুদা কামিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত প্রভাষক জনাব মোঃ আব্দুল মতিনকে গত ২৭-০৮-২০১৬ খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করা হয় মর্মে আবেদনকারীর আবেদন থেকে জানা যায়।

০২. মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট পিটিশন নং ৩৬৫৭/২০১৫ এর আদেশে নিম্নরূপ নির্দেশনা দেয়া হয়েছে “Accordingly, we declare that in the absence of any law providing otherwise, no person shall be kept under suspension beyond 60(sixty) days from the date of his/her suspension. If the suspension continues for further period, exceeding 60(sixty) days, then the person suspended shall be entitled to receive full pay, instead of subsistence allowance, till the suspension order/letter ends up in a final order.”


০৩. মহামান্য হাইকোর্টের রায়ের আলোকে সূত্রে বর্ণিত স্মারক নং ০২ ও ০৩ অনুযায়ী বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষক/কর্মচারীকে ৬০(ষাট) দিনের বেশী সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি পূর্ণ বেতন (এমপিও) ও অন্যান্য ভাতা সমূহ প্রাপ্ত হবেন মর্মে নির্দেশনা জারী করা হয়েছে।

০৪. সাময়িক বরখাস্তকৃত প্রভাষক জনাব মোঃ আব্দুল মতিন কর্তৃক উপস্থাপিত কাগজ পত্র পর্যালোচনায় দেখা যায় যে, তাঁকে (মোঃ আব্দুল মতিন) ২৭-০৮-২০১৬ খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করায় তাঁর সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০(ষাট) দিনের বেশী হয়েছে বিধায় প্রভাষক হিসেবে জনাব মোঃ আব্দুল মতিন তাঁর পদের পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী পাওয়ার আইনগত অধিকারী।

০৫. সাময়িক বরখাস্তকৃত প্রভাষক জনাব মোঃ আব্দুল মতিন কর্তৃক উপস্থাপিত রেকর্ড পত্র থেকে জানা যায় যে, মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুসরণক্রমে তাঁকে পূর্ণ বেতন ভাতাদি(এমপিও) প্রদান করা হচ্ছে না।

০৬. সাময়িক বরখাস্তকৃত প্রভাষক জনাব মোঃ আব্দুল মতিনকে পূর্ণ বেতন ভাতাদি(এমপিও) প্রদান না করা মহামান্য হাইকোর্টের নির্দেশনার সুস্পষ্ট লংঘন।

০৭. এমতাবস্থায় উপরে বর্ণিত অনুচ্ছেদ সমূহের আলোকে কড়ই নূরুল হুদা কামিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত প্রভাষক জনাব মোঃ আব্দুল মতিনকে মহামান্য হাইকোর্টের নির্দেশনা মোতাবেক তাঁর পূর্ণসং বেতন-ভাতাদি(এমপিও) প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে এ অধিদপ্তরকে আগামী ০৫-০৭-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে অবহিতির জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ব্যর্থতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


‘৩১৬।১৮—
(মোঃ ফরিদ আহমেদ)

সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলাভবন(৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, জয়পুরহাট (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। উপজেলা নির্বাচী অফিসার, উপজেলা:-জয়পুরহাট সদর, জেলা:- জয়পুরহাট। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা:-জয়পুরহাট সদর, জেলা:- জয়পুরহাট (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৬। সভাপতি, গভর্নিং বডি, কড়ই নূরুল হুদা কামিল মাদরাসা, উপজেলা:-জয়পুরহাট সদর, জেলা:- জয়পুরহাট (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৭। জনাব মোঃ আব্দুল মতিন, প্রভাষক, কড়ই নূরুল হুদা কামিল মাদরাসা, উপজেলা:-জয়পুরহাট সদর, জেলা:- জয়পুরহাট।
- ৮। অফিস কপি।